গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৮
www.lawjusticediv.gov.bd

২৮ কার্তিক , ১৪২৫ বঙ্গাব্দ।

নং-১০.০০.০০০০.১৩২.১০.০১১.১৮-৬১৩ তারিখ-----------------------

১২ নভেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ।

## পরিপত্র

বিষয়ঃ ইন্টারনেটসহ আবাসিক টেলিফোনের নগদায়ন ভাতা উত্তোলন প্রসঙ্গে।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪ জুন ২০১৮ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১১১.১০.০১০.১৫-৩৪৪ নং স্মারকে সংশোধিত সরকারী টেলিফোন, সেলুলার,ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালার আলোকে সরকারী টেলিফোন, সেলুলার,ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা ২০১৮ এর দ্বিতীয় পরিচ্ছেদে আবাসিক টেলিফোন সংক্রান্ত বিধি-বিধানের ১৫ ক এর (ক-জ) এবং খ এর (ক-ছ) ও ১৬ অনুচ্ছেদ এবং অর্থ মন্ত্রণালয় কর্তৃক বিগত ২২ জুলাই ২০১৮ খ্রিঃ তারিখের ০৭.০০.০০০০.১৭৩.২২.০৪৬.১৪-৬২ নম্বর স্মারক অনুযায়ী আইন ও বিচার বিভাগ, অধিনস্থ দপ্তরসমূহ ও আদালত সমুহের কর্মকর্তাগনের আবাসিক টেলিফোনের নগদায়ন ভাতা প্রাপ্তির (ভ্যাট, লাইনরেন্টসহ) প্রশাসনিক মঞ্জুরী জ্ঞাপন করা হলো।

২। লাইন ভাড়া ও ভ্যাট ব্যতীত সরকারি আবাসিক টেলিফোন ব্যবহারের ব্যয়সীমা নিম্নবর্ণিত ছকের ৩ নম্বর কলাম-অনুযায়ী নির্ধারিত হবে এবং আবাসিক টেলিফোনের প্রাধিকার প্রাপ্ত কর্মচারীগন যারা নগদায়ন ভাতা গ্রহনে ইচ্ছুক তাদের মাসিক বেতন বিলের সাথে ৪র্থ কলাম-অনুযায়ী নগদায়ন ভাতা উত্তোলন করতে পারবেন।

| ক্রঃ নং | পদবী | ইন্টারনেটসহ আবাসিক টেলিফোনের নির্ধারিত ব্যয়সীমা | ইন্টারনেটসহ আবাসিক টেলিফোনের নগদায়ন ভাতা |
|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ |
| ক. | সচিব/অ্যাটর্নি জেনারেল অব বাংলাদেশ/চেয়ারম্যান/সদস্য | কোন ব্যয়সীমা থাকবে না | প্রযোজ্য নহে |
| খ. | অতিরিক্ত সচিব/যুগ্ম সচিব/সলিসিটর/জেলা ও দায়রা জজ/ সমপর্যায়ের কর্মকর্তা/রেজিস্ট্রার জেনারেল/রেজিস্ট্রার (আপীল বিভাগ)/রেজিস্ট্রার (হাইকোর্ট বিভাগ)/অতিঃ অ্যাটর্নি জেনারেল/ডেপুটি অ্যাটর্নি জেনারেল/ (২য় ও ৩য় গ্রেডের প্রাধিকারভুক্ত অন্যান্য কর্মচারী। | ৩,৮০০.০০ টাকা | ২,৮০০.০০ টাকা এবং ভ্যাটসহ লাইনরেন্ট |
| গ. | উপ-সচিব/উপ-প্রধান/মন্ত্রী ও প্রতিমন্ত্রীর একান্ত সচিব/অতিরিক্ত রেজিস্ট্রার/ডেপুটি রেজিস্ট্রার/ডেপুটি সলিসিটর/অতিরিক্ত জেলা ও দায়রা জজ/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/সমপর্যায়ের জজ এবং ৪র্থ গ্রেডের প্রাধিকারভুক্ত অন্যান্য কর্মচারী। | ২,৬৫০.০০ টাকা | ২,০০০.০০ টাকা এবং ভ্যাটসহ লাইনরেন্ট |
| ঘ. | সিনিয়র সহকারী সচিব/সচিব এর একান্ত সচিব/যুগ্ম জেলা ও দায়রা জজ/অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/সমপর্যায়ের জজ এবং ৫ম ও ৬ষ্ঠ গ্রেডের প্রাধিকারভুক্ত অন্যান্য কর্মচারী। | ১,৯৫০.০০ টাকা | ১,৬০০.০০ টাকা এবং ভ্যাটসহ লাইনরেন্ট |
| ঙ. | সহকারী সচিব/সিনিয়র সহকারী জজ/সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট চৌকি আদালতের বিচারক/মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এবং ৭ম-৯ম গ্রেডের অন্যান্য কর্মচারী। সহকারী সচিব/সহকারী প্রধান পর্যায়ের পদের প্রাধিকারভুক্ত ৫০% এবং সহকারী জজ/সহকারী রেজিস্ট্রার পদের ৫০%। | ১,৪২৫.০০ টাকা | ১,২০০.০০ টাকা এবং ভ্যাটসহ লাইনরেন্ট |

৩। ৪র্থ কলাম অনুযায়ী উল্লেখিত হারে টেলিফোনের নগদায়ন ভাতা প্রাপ্তির ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্ত সমুহ প্রযোজ্য হবেঃ-

(ক) টেলিফোন ব্যবহারকারী প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীগন বেতন ভাতার সাথে এই ভাতা প্রাপ্য হবেন এবং এর অতিরিক্ত ভ্যাট ও লাইনরেন্ট প্রাপ্য হবেন।

(খ) বি.টি.সি.এল এর ফোন এবং যে কোন ইন্টারনেট সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের সংযোগ থাকতে হবে। ইন্টারনেট সংযোগ গ্রহনের ক্ষেত্রে বি.টি.সি.এল. এবং টেলিটককে অগ্রাধিকার প্রদান করতে হবে।

(গ) সংশ্লিষ্ট কর্মচারী টেলিফোন নগদায়ন ভাতা গ্রহনে ইচ্ছুক এই মর্মে অফিস প্রধান কর্তৃক প্রদত্ত একটি প্রত্যয়নপত্র প্রতি কর্মস্থলে একবার পেশ করবেন।

(ঘ) টেলিফোন নগদায়ন ভাতা গ্রহনকারী কর্মচারী টেলিফোন বিল পরিশোধ না করলে বি.টি.সি.এল. উক্ত সংযোগ বিচ্ছিন্ন করবে এবং সংশ্লিষ্ট কর্মচারীর দপ্তরকে অবহিত করবে এবং সংযোগ বিচ্ছিন্ন থাকা অবস্থায় সংশ্লিষ্ট কর্মকর্তা উক্ত নগদায়ন ভাতা প্রাপ্য হবেন না।

(ঙ) সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর নগদায়ন ভাতা গ্রহনকারী কর্মচারীগনের তালিকা ও টেলিফোন নম্বর সংরক্ষণ করবে এবং টেলিফোন বিল মঞ্জুরকারী এই তালিকা হিসাব শাখা, প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা/বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/হিসাব রক্ষণ কর্মকর্তা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা এবং বি.টি.সি.এল. এর নিকট পরিশিষ্ট-৩ অনুযায়ী প্রেরন করতে হবে।

(চ) টেলিফোন ও ইন্টারনেটের বিল কর্মচারীগন ব্যক্তিগতভাবে পরিশোধ করবেন। টেলিফোন নগদায়ন ভাতা গ্রহনকারী কর্মচারী প্রতিমাসে আবাসিক টেলিফোনের বিল বি.টি.সি.এল. এর অনুমোদিত ব্যাংকে ব্যক্তিগতভাবে পরিশোধ করে ব্যাংকের সীল ও স্বাক্ষর সম্বলিত পরিশোধিত বিলের ১ কপি এ বিভাগের কর্মকর্তাদের ক্ষেত্রে বিচার শাখা-৮ এবং অন্যান্য দপ্তরসমুহ বা আদালতের ক্ষেত্রে অফিস প্রধানের নিকট প্রেরন করতে হবে।

(ছ) নগদায়নভাতা গ্রহনকারী কর্মচারী অন্যত্র বদলী হলে খাত পরিবর্তনের সময় আবাসিক টেলিফোনের বিল পরিশোধের প্রত্যয়নপত্র নতুন কর্মস্থলে দাখিল করবেন।

(জ) আবাসিক টেলিফোনের বিল দীর্ঘদিন বকেয়া থাকলে নগদায়ন ভাতা গ্রহনকারী কর্মচারীর বিরুদ্ধে প্রশাসনিক মন্ত্রণালয় তদন্তপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে।

ঝ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪ জুন ২০১৮ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০.১১১.১০.০১০.১৫-৩৪৪ নং স্মারকে সংশোধিত সরকারী টেলিফোন, সেলুলার,ফ্যাক্স ও ইন্টারনেট নীতিমালা ২০১৮ জারীর তারিখ হতে এ পরিপত্র কার্যকর হবে। সংশ্লিষ্ট কর্মচারীগন বকেয়া হিসাবে টেলিফোন নগদায়ন ভাতা প্রাপ্য হবেন।

(মোঃ মোস্তাফিজুর রহমান)
সিনিয়র সহকারী সচিব

কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রিমকোর্ট।
২। সচিব,বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন, ১৫ কলেজ রোড, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ১৫ কলেজ রোড, ঢাকা।
৪। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
৫। মহাপরিদর্শক (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর ১৪, আব্দুল গনি রোড, ঢাকা।
৬। মহাপ্রশাসক,সরকারী অছি ও সরকারী রিসিভার, বাংলাদেশ সুপ্রীম কোর্টের কার্যালয়, ৭৯/১ কাকরাইল,ঢাকা।
৭। পরিচালক, জাতীয় আইনগত প্রদান সংস্থা, ১৪৩ বেলী রোড, ঢাকা।
৮। জেলা জজ/মহানগর দায়রা জজ/বিশেষ জজ/বিচারক,------------------আদালত,-------------------
৯। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/ চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/
১০। প্রধান হিসাব রক্ষন কর্মকর্তা, আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১১। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/হিসাব রক্ষণ কর্মকর্তা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা--------------------- ।
১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
১৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। প্রশাসনিক কর্মকর্তা, অ্যাটর্নী জেনারেলের কার্যালয়, সুপ্রীম কোর্ট প্রাঙ্গন।

জ্ঞাতার্থেঃ-

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।